Ref :11 -1216, EAL, Bengali

অতিরিক্ত ভাষারূপে ইংরেজী শিক্ষা ব্যবস্থা (ইংলিশ এ্যাজ এন এডিশন্যাল ল্যাংগুয়েজ সারভিস

বাবা/মা-দের জন্য তথ্য: বার বার যে সব প্রশ্ন করা হয়

আমাদের দ্বিভাষী ছেলে/ মেয়ে-কে আমরা বাড়ীতে কিভাবে সাহায্য করতে পারি?

- আপনার বাড়ীতে আপনার সন্তানের সঙ্গে আপনার মাতৃভাষায় কথা বলুন (ইএএল লিফলেট ‘হেল্পিং ইউর চাইল্ড বি বাইল্যাংগুয়েল’ পুস্তিকাটি পড়ে দেখুন)।
- আপনার সন্তানের বয়স যদি ৩- ৭ বছর হয়. আপনার স্কুল /নার্সারীকে জিজ্ঞেস করে দেখুন আপনি ইএএল-এর ‘ইটস ইউর হেল্প দ্যাট কাউন্টস (আপনার সাহায্যটা হল গুরুত্বপূর্ণ) ফিল্ম দেখা সম্ভব কিনা - আপনি হয়ত সেটা আপনার মাতৃভাষায় দেখতে পারবেন।
- আপনার সন্তানের সঙ্গে দ্বিভাষী বইগুলি পড়ুন এবং সেটা নিয়ে আলাপ করুন। আপনার স্কুল এবং পাব্লিক লাইব্রেরীগুলোতে এধরনের দ্বিভাষী বই পাওয়া সম্ভব হতে পারে। আপনার মাতৃভাষায় ছবিগুলি নিয়ে আলাপ করবেন এবং প্রশ্ন করবেন উদাহরণস্বরূপ কে? কোথায়? কেন? কখন?
- আপনার সন্তানের সঙ্গে তার দিনটি কেমন ছিল সে নিয়ে কথা বলবেন; উৎসাহ দিবেন যাতে তারা একটি জিনিস যা সেইদিন শিখল/করল সে সম্বন্ধে আলাপ করে।
- ক্লাসের বিষয়গুলি নিয়ে কথা বলবেন: যদি সম্ভব হয় আপনার দেশ/সংস্কৃতির সঙ্গে সংযোগ করাবেন যেমন যে সব মিল এবং পার্থক্য রয়েছে ।
- পালাক্রম করে খেলবার খেলাধুলা যেমন ‘আই স্পাই, স্নাপ, ডমিনোস, স্নেইকস এ্যান্ড লাডার’ এই সব ধরনের খেলায় ভাষার প্রয়োগ করতে হয়। কিভাবে এগুলি খেলতে হয় তা যদি আপনার জানা না থাকে তাহলে আপনার ছেলে/ মেয়ে-র টিচার অথবা ইএএল টিচারকে কিভাবে খেলতে হয় তা জিজ্ঞেস করে নিবেন। এই সব খেলা শেখার ক্ষেত্রে কতটুকু উপকারী তাও তারা আপনাকে বুঝিয়ে বলতে পারবেন।

আমি অথবা আমার সন্তান যদি হোমওয়ার্ক বুঝতে না পারি তাহলে কি হবে?
অনুগ্রহ করে আরও তথ্যের জন্য ‘ইনফরমেশন ফর পেরেন্টস’ (বাবা/মা-দের জন্য তথ্য) অংশটি ইএএল ওয়েবসাইট -এ দেখুন।

হোমওয়ার্ক হল ছেলেমেয়েদের স্কুলের শিক্ষার জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ। হোমওয়ার্ক ছেলেমেয়েদের শিক্ষাজ্ঞান স্মরণ রাখতে সাহায্য করে। কি করতে হবে সে ব্যাপারে যদি আপনি বা আপনার ছেলে/ মেয়ে নিশ্চিত না থাকেন তাহলে:
টিচারকে আরও তথ্য প্রদান করার জন্য অনুরোধ করবেন
ইএএল টিচার বা বিএসএ (বাইল্যাংগুয়েল সাপোর্ট ওয়ার্কার) কে পাওয়া গেলে তাদের সাথে কথা বলবেন।
আপনার সন্তানের হোম-ওয়ার্ক ডাইরীতে মেসেজ লিখবেন; হয়ত সেটা অনুবাদ করে নিতে সম্ভব হতে পারে।

]

আমার সন্তানের জন্য কি অতিরিক্ত ইংরেজী ক্লাস রয়েছে?

এসত থেকে এস৬ ক্লাস পর্য্যন্ত স্কুলের পরে পরিচালিত ইএসএল (ভিন্ন ভাষীদের জন্য ইংরেজী) রয়েছে। আপনার সন্তানের স্কুল/এবং/অথবা ই.এ.এল টিচারকে আরও তথ্যের জন্য অনুরোধ করবেন।

আমাদের কি উচিত আমাদের সন্তানের সঙ্গে বাড়ীতে ইংরেজী ভাষায় কথা বলা?

আপনার সন্তান স্কুলে সারাদিন এবং সারা সপ্তাহ ধরে ইংরেজী ভাষা ব্যবহার করে। তাদের মাতৃভাষা দৃঢ় রাখবার জন্য তারা যদি স্কুলের বাইরে নিজের মাতৃভাষার চর্চা করে তাহলে বাল হয়। এর ফলে আপনার মাতৃভাষা এবং ইংরেজী দুটোই উন্নতি হতে সাহায্য করে। আপনার সন্তানে সঙ্গে নিজের ভাষায় স্কুলের পাঠ্যক্রমের সম্পর্কে আলাপ করলে তার শৈক্ষিক উন্নতিলাভেও সহায়ক হবে। এটা গুরুত্বপূর্ণ যে আপনার সন্তান যেন ভালধরণের ইংরেজী ভাষা শুনতে পায়। (ইএএল লিফলেট 'হেল্পিং ইউর চাইল্ড বি বাইল্যাংগুয়েল' দেখুন।)

আমি কি ভাবে জানতে পারব যে আমার সন্তান ইংরেজী ভাষায় উন্নতি করছে।

ছেলেমেয়েদের ইংরেজী ভাষার উন্নতি হয় বিভিন্ন স্তরে; কিছু কিছু ছেলে/মেয়ের জন্য ইংরেজী ভাষা নতুন এবং কিছু সংখ্যক ছেলেমেয়েরা দক্ষশীল শিক্ষার্থী। সাধারণতঃ সামাজিক এবং দৈনন্দিন ইংরেজী ভাষা শিখতে দুবছর পর্যন্ত লাগতে পারে।
কিছু সময়ের জন্য কোন কোন ছেলে/মেয়ে 'চুপচাপ থাকা' (সাইলেন্ট পিরিয়ড-এ) সময়ে থাকে এবং ধীরে ধীরে একক শব্দ থেকে আরম্ভ করে ধীরে ধীরে সহজ শব্দসমষ্টি ব্যবহার করে কথা বলতে আরম্ভ করে।

শিক্ষা অর্জনের জন্য প্রয়োজনীয় ইংরেজী ভাষাজ্ঞান রপ্ত করতে এবং বুঝতে সক্ষম হতে ১০ বছর পর্যন্ত সময়ের দরকার হতে পারে। যদিও ছেলে/মেয়ে-দের কথা শুনে মনে হয় তারা ইংরেজী ভাষায় কথা অনর্গলভাবে কথা বলতে পারে, জটিল অনুশীলন করবার জন্য প্রয়োজন ইংরেজী ভাষার এতদূর উন্নতি করছে এবং বুঝতে শিখছে।

আপনার সন্তানের ইএএল টিচার এবং/ অথবা বিএসএ (বাইল্যাংগুয়েল সাপোর্ট ওয়ার্কার) যে কোন প্রশ্নের উত্তর দিতে তৈরি থাকবেন।

আমি কি আমার সন্তানকে প্রাইমারী১ ক্লাসে যাওয়াটা বিলম্ব করতে পারি যাতে সে ইংরেজী ভাষা আয়ত্ব করার সময় পায়। (আপনি যদি আপনার সন্তানের স্কুলে যাওয়াটা পিছিয়ে নিতে চান তার মানে হল স্কুলে ভর্তি হওয়ার আগে তাকে আরেক বছর নার্সারীতে থাকতে হবে।)।

যেহেতু প্রত্যেকটি সন্তানের নিজস্ব চাহিদা রয়েছে, সুতরাং আপনার শিশুর নার্সারী এবং/অথবা ইএএল টিচার এবং/অথবা বিএসএ টিচার -এর সঙ্গে আলাপ করে নেওয়াটা জরুরী। তবে গবেষণা করে দেখা গেছে আপনার সন্তান যদি স্কুলে যাওয়ার জন্য প্রস্তুত থাকে তাহলে স্কুলে যাওয়াটা দেরী করে লাভ

নেই। তাছাড়া, আমরা সাধারণতঃ কেবল স্কুলে নতুন ভর্তি হওয়ার কারণে কোন শিশুকে স্কুলে অধ্যয়নে বিলম্ব করবার জন্য পরামর্শ দেই না। আপনার শিশু স্কুলে ইংরেজী শিখতে পারবে।

আমার সন্তান স্কটিশ স্কুলে নতুন এবং অতীতে সে অন্য দেশে স্কুলে পড়াশোনা করেছে; কোন বছরের ক্লাসে তারা যাবে?

স্কটল্যান্ড-এ. সাধারণতঃ ছাত্রছাত্রীদের তাদের বয়স অনুসারে ক্লাসে রাখা হয়। অতীতে যে স্কুলে পড়াশোনা করেছিল সে সম্বন্ধে যত বেশি সম্ভব তথ্য প্রদান করাটা জরুরী। এর ফলে স্কুল আপনার ছেলে/ মেয়ে-র জন্য উপযুক্ত শিক্ষাদান করবার ব্যবস্থা করতে পারবে। ভর্তি হওয়ার সময় স্কুল সাধারণতঃ আপনার সন্তানের জন্মের তারিখ এবং তার বয়স কত জিজ্ঞেস করবে। আপনার সন্তানে স্কুল/ইএএল টিচার/বিএসএ-কে আরও তথ্য দেবার জন্য অনুরোধ করবেন।

দ্বিভাষী হলে কি উপকার হতে পারে?

ইএএল সার্ভিস-এর ‘হেল্পিং ইউর চাইল্ড টু বি বাইল্যাংগুয়েল’ পুস্তিকাটি পড়ুন। অনুগ্রহ করে এডিনবরা ইউনিভার্সিটি-র এনটোনেলা কর্তৃক পরিচালিত ‘বাইল্যাংগুয়েল মেটারস’ (দ্বিভাষী হওয়ার গুরুত্ব) http://www.bilingualism-matters .org.uk -দেখুন।

আমি দ্বিভাষী বইগুলি কোথায় পেতে পারি?

আপনার সন্তানের স্কুল এবং আপনার সন্তানের ইএএল টিচার/বিএসএ-কে জিজ্ঞেস করুন
সার্বজনিক লাইব্রেরী; যে কোন লাইব্রেরীতে বই ধার নেওয়া জন্য অনুরোধ করতে পারেন
কোন কোন বিশেষ ওয়েবসাইট (ইএএ. ওয়েব সাইট)-এ লিঙ্ক গুলির তালিকা দেখুন।
কোন কোন কমিউনিটি দোকান গুলিএ যেমন পোলোস দোকানে পোলিস/ইংরেজী বই বিক্রী করে
কমিউনিটি ল্যাংগুয়েজ স্কুলগুলিতে কোন কোন সময় দ্বিভাষী বই বিক্রীর জন্য রাখে।

আমি কোথায় নার্সারী থেকে প্রাইমারী ১ -এ যাওয়া এবং প্রাইমারী ৭ থেকে সেকেন্ডারী স্কুলে যাওয়ার ব্যাপারে তথ্য পেতে পারি?

এই ব্যাপারে আপনার সন্তানের টিচাঋ বা ইএএল কর্মীদের জিজ্ঞেস করা ভাল কারণ প্রত্যেক স্কুলের তাদের নিজস্ব স্কুল পরিবর্তন করবার প্রোগ্রাম থাকে। আপনার সন্তানকে আপনি যে স্কুলে পাঠাতে চান সেটা কোন ক্যাচমেন্ট এরিয়াতে পড়ে সেটা জেনে নিন। আপনার পছন্দের স্কুল যদি ক্যাচমেন্ট এরিয়ার বাইরে হয়, তাহলে আপনাকে একটি অনুরোধ ফর্ম পূরণ করার প্রয়োজন হতে পারে। (ক্যাচমেন্ট এরিয়া: এটা স্কুলের আঞ্চলিক এলাকা)